সাবেক পাইলট তাহসিফ সৌরির মরদেহ উদ্ধার নিয়ে যা জানাল পুলিশ



সাবেক পাইলট তাহসিফ সৌরির। ছবি: সংগৃহীত

তুরাগ নদ থেকে উদ্ধার বাংলাদেশ বিমানবাহিনীর সাবেক পাইলট তাহসিফ সৌরির মৃত্যুর কারণ এখনো জানা যায়নি। তাঁর মরদেহে দৃশ্যমান আঘাতের চিহ্ন মেলেনি বলে জানিয়েছে পুলিশ। পরিবারের পক্ষ থেকে অভিযোগ করা হলে আইন অনুযায়ী মামলা নেওয়া হবে।

বৃহস্পতিবার (২৯ অক্টোবর) ঢাকা রেঞ্জের নৌ পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন জানান, মৃত্যুর কারণ নির্ধারণে মরদেহ ময়নাতদন্তের জন্য শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজের মর্গে রাখা হয়েছে। পাশাপাশি ঘটনাস্থল থেকে আলামত সংগ্রহ করেছে সিআইডির ক্রাইম সিন ইউনিট।

পুলিশ জানিয়েছে, মঙ্গলবার রাতে নিখোঁজ হওয়ার পর বুধবার উত্তরখানে তুরাগ নদ থেকে তাহসিফের মরদেহ উদ্ধার করা হয়। জাতীয় জরুরি সেবা ৯৯৯-এর মাধ্যমে খবর পেয়ে সেখানে পৌঁছায় নৌ-পুলিশ। বিকেল সাড়ে ৪টার দিকে মরদেহটি উদ্ধারের পর তাঁর এক আত্মীয়কে খবর দেওয়া হয়।

উদ্ধারের সময় তাঁর পরনে সাদা পাজামা ও কালো জামা ছিল। সঙ্গে থাকা ঘড়ি ও পকেটে পাওয়া আইফোনের সূত্রে পরিচয় শনাক্ত করা হয়।

২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনার দেশত্যাগের ভিডিও ছড়িয়ে দেওয়ার সঙ্গে তাহসিফের নাম জড়িয়ে আলোচনা রয়েছে। তবে এ দাবির পক্ষে আনুষ্ঠানিক নিশ্চিতকরণ পাওয়া যায়নি।